গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

DOT ডিপার্টমেন্ট অফ টেলিকমিউনিকেশন্স

**টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত ফেব্রুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৭ ফেব্রুয়ারি ২০২৪/ ১৪ ফাল্গুন ১৪৩০ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

**১) জানুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | জানুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২২/০১/২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত জানুয়ারি/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br><br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

**২) জানুয়ারি/২০২৪ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ডিওটি কম্পাউন্ডের নিরাপত্তা | সভায় আলোচনা হয় যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থ-বছরের বাজেটে ভাড়ার ভিত্তিতে নিরাপত্তা খাতে ২০ লক্ষ টাকা অন্তর্ভূক্ত আছে। অত্র কম্পাউন্ডের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োজিত করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১। ইতোমধ্যে আনসার নিয়োগের জন্য প্রশাসন অনুবিভাগ হতে পত্র প্রদান করা হয়েছে। | |

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২ | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | পরিচালক (প্রশাসন) সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। প্রশাসন অনুবিভাগের আওতাধীন অধিকাংশ ক্রয়কার্য শুরু করা হয়েছে মর্মে জানা যায়। তবে ক্রয় পরিকল্পনার বড় অংশ সিটিডিআর সেন্টার সংশ্লিষ্ট, এবং এ খাতের ক্রয় প্রক্রিয়া এখনও শুরু করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>সিটিডিআর সেন্টার রক্ষণাবেক্ষণ সংক্রান্ত চুক্তিটি চুড়ান্ত করার জন্য সভায় মহাপরিচালক তাগিদ প্রদান করেন। এছাড়া অধিদপ্তরের অডিটোরিয়ামে রক্ষিত খাজা টাওয়ারের আগুনে পুড়ে যাওয়া সিটিডিআর সেন্টারের যন্ত্রপাতি দ্রুততার সাথে মেরামত করত: অডিটোরিয়াম খালি করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। সকল ক্রয়কার্য যথাসময়ে সম্পন্ন করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। | নির্দেশনা মোতাবেক অডিটরিয়াম খালি করা হয়েছে।<br>খাজা টাওয়ারে আগুনে পুড়ে যাওয়ার ঘটনায় ক্ষতিগ্রস্থ যে সকল আইআইজি পুনরায় তাদের যন্ত্রপাতি চালু করেছে সেসব আইআইজিতে সিটিডিআর এর যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। | মহাপরিচালক মহোদয় প্রতিটি আইআইজিতে প্রদত্ত ব্যান্ডউইডথ্ মনিটরিং লাইসেন্স ক্যাপাসিটি এবং প্রকৃত ব্যান্ডউইডথ্ চিত্র প্রতিবেদন আকারে প্রদানের নির্দেশনা দেন। |
| ৩ | বাজেট বাস্তবায়ন | সভায় পরিচালক (অর্থ) জানান যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত ৮৯ কোটি টাকার বাজেটের দ্বিতীয় কোয়ার্টারে বাস্তবায়ন হয়েছে প্রায় ৭৪ শতাংশ, তবে প্রথম ষান্মাসিকের হিসাবে তা প্রায় ৩০ শতাংশ। তিনি মে/২০২৪ মাসের মধ্যে এই অর্থবছরের ক্রয়কার্য সম্পন্ন করার বিষয়ে তাগিদ প্রদান করেন। বাজেট বাস্তবায়নের বিষয়ে তৎপর থাকার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | বার্ষিক ক্রয় পরিকল্পনার কিছু অংশ যেমন কর্মচারীদের পোষাক ক্রয় ইতিমধ্যে সম্পন্ন হয়েছে বাকী ক্রয় সমূহ সম্পাদনের প্রক্রিয়া চলমান আছে | কর্মচারীদের পোষাক সুষ্ঠুভাবে প্রদানের জন্য প্রশাসন অনুবিভাগকে মহাপরিচালক মহোদয় নির্দেশনা দেন। |

**৩) ফেব্রুয়ারি/২০২৪ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | পদোন্নতি সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারীদের পদোন্নতি বিষয়ে অগ্রগতি প্রতিবেদন | পরিচালক (প্রশাসন), জানান যে, ইতমধ্যেধ্যে ৫ (পাঁচটি ) ক্যাটাগরিতে পদোন্নতি প্রদান করা হয়েছে। ক্যাবল জয়েন্টার ক্যাটাগরিতে পদোন্নতি প্রদানের জন্য বিভাগীয় পদোন্নতি কমিটির সভা ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখে নির্ধারিত রয়েছে। | প্রশাসন অনুবিভাগ |
| ২ | মামলা সংক্রান্ত প্রতিবেদন | টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভাগীয় / উচ্চ আদালতে চলমান মামলা বিষয়ে অগ্রগতি। | উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং) সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান বিভাগীয় মামলা এবং উচ্চ আদালতে চলমান মামলার প্রতিবেদন উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় বিভাগীয় ও উচ্চ আদালতে চলমান মামলা সমূহ নিয়মিত ভাবে তদারকির নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) |
| ৩ | প্রকল্প সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা। | সুবিধাবঞ্চিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মেয়াদ ৩১/১২/২০২৩ খ্রি. তারিখে শেষ হয়েছে। বর্তমানে প্রকল্পটির পিসিআর প্রণয়নের কাজ চলছে।<br>NAATRT প্রকল্পের প্রকল্প পরিচালক অবহিত করেন যে, প্রকল্পের আওতায় Soil Test; Civil , Environmental & Social Survery ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। | |

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | টেলিযোগাযোগ অধিদপ্তরের শ্লোগান | দপ্তর/সংস্থার পত্রে লোগোর পরিবর্তে শ্লোগান ব্যবহার করার উদ্দেশ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ শ্লোগান আহ্বান করেছে।টেলিযোগাযোগ অধিদপ্তরের শ্লোগান বিষয়ক আলোচনা। | সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরের শ্লোগান নির্ধারণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়:-<br>১) জনাব মো: তারঘীবুল ইসলাম, পরিচালক (ইঞ্জি.), ডিওটি, ঢাকা।<br>২) জনাব মোঃ শরিফুর রহমান, উপপরিচালক (আইটিইউ), ডিওটি, ঢাকা, এবং<br>৩) জনাব মোঃ শহিদুল ইসলাম, উপপরিচালক (নিয়োগ), ডিওটি, ঢাকা। | প্রশাসন অনুবিভাগ |
| ৫ | জানুয়ারি/২০২৪ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী | ক) যোগদান ও পদস্থাপনের ৩৩টি, এবং পিআরএল মঞ্জুরির ৭৩৭ আবেদনের সবগুলিই নিষ্পত্তিকৃত।<br>খ) প্রাপ্ত মোট ৮০টি আবেদনের মধ্যে ১০টি আবেদন প্রক্রিয়াধীন আছে।<br>গ) মোট ১৪৮টি জিপিএফ আবেদনের মধ্যে ৮টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীন আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৭০টি পূর্ণাঙ্গ আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৫৬টি। প্রক্রিয়াধীন আছে ১৪টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তিপত্রের আবেদনসহ ছুটি সংক্রান্ত সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৫০

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০
২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স (ফেইজ-২) প্রকল্প, টেলিযোগাযোগ অধিদপ্তর
৬) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
৭) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন

পরিচালক

পরিশিষ্ট "ক"

সভার তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিঃ।
সময়: সকাল ১১:০০ ঘটিকা
স্থান: ডিওটি'র সম্মেলন কক্ষ (রুম নং ৪০৩)।
বিষয়: ফেব্রুয়ারী/ ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মোঃ মাহাবুব উদ্দিন, অতিরিক্ত মহাপরিচালক ([illegible]) | [signature] |
| ০২ | মোঃ আনিছুর রহমান অতিরিক্ত মহাপরিচালক (প্রশা: ও অর্থ) | [signature] |
| ০৩ | সুবল চন্দ্র কুন্ডু, অতি: মহাপরিচালক ([illegible]) | [signature] 27/2/24 |
| ০৪ | এম. এম. ফরহাদ হোসেন, [illegible] (ইঞ্জি:) | [signature] |
| ০৫ | মোঃ আব্দুল ওহাব, পরিচালক (আইটিই) | [signature] |
| ০৬ | মোঃ [illegible] উদ্দিন, পরিচালক (প্রশা:) | [signature] |
| ০৭ | মোঃ মিজানুর রহমান, পরিচালক (ইঞ্জি:) | [signature] 27.02.2024 |
| ০৮ | সাইদুর রহমান, পরিচালক (ইঞ্জি:) | [signature] 27/02/2024 |
| ০৯ | মোঃ আব্দুস সালাম, DD(TS) | [signature] 27/02/24 |
| ১০ | মোঃ আজিজুর রহমান, DD(Coordination) | [signature] 27/02/24. |
| ১১ | মোহাম্মদ মামুন অর-রশীদ (DE) | [signature] |
| ১২ | মোঃ সাইফুল ইসলাম SAD (ICT-i) | [signature] 27/2/24 |
| ১৩ | শেখ মোহাম্মদ শরিফুল ইসলাম (DD-R) | [signature] 27.2.2024 |
| ১৪ | কে.এম আতিকুর রহমান, DD(Training) | [signature] 27/2/2024. |
| ১৫ | মো: রুহুল আমীন, DD | [signature] |
| ১৬ | মোহাম্মদ ছাইদুর রহমান ভূঞা DD (F.A.) | [signature] |
| ১৭ | মো: জাহাঙ্গীর মিয়া, DD (DPD-2) | [signature] |
| ১৮ | মোঃ মতিউর রহমান, DD(ITU) | [signature] 27/02/2024 |
| ১৯ | তাওহীদুল ইসলাম, উপপরিচালক ([illegible]) | [signature] 27/02/24 |

ফেব্রুয়ারী/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

| ক্রঃনং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ২০ | মো: পারভেজ আনোয়ার, পরিচালক ([illegible]) | |
| ২১ | মো. মাসুদ রফিক, পরিচালক (অর্থ) | |
| ২২ | মো: [illegible], PD, CTDR phase 2 Project | |
| ২৩ | | |
| ২৪ | | |
| ২৫ | | |
| ২৬ | | |
| ২৭ | | |
| ২৮ | | |
| ২৯ | | |
| ৩০ | | |
| ৩১ | | |
| ৩২ | | |
| ৩৩ | | |
| ৩৪ | | |
| ৩৫ | | |
| ৩৬ | | |
| ৩৭ | | |
| ৩৮ | | |
| ৩৯ | | |
| ৪০ | | |